আজকের পত্রিকা

# উত্তরা ইউনিভার্সিটিতে বিশ্ব নারী দিবস উদ্‌যাপন

বিজ্ঞপ্তি

প্রকাশ : ০৯ মার্চ ২০২৪, ১০:৫২

Source: https://www.ajkerpatrika.com




**উত্তরা ইউনিভার্সিটিতে বিশ্ব নারী দিবস উদ্‌যাপন। ছবি: সংগৃহীত**

বিশ্ব নারী দিবস ছিল গতকাল শুক্রবার। 'নারীর সম-অধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ' এই প্রতিপাদ্যে বিশ্বজুড়ে উদ্‌যাপিত হয়েছে দিবসটি। এরই ধারাবাহিকতায় উত্তরা ইউনিভার্সিটির পাবলিক রিলেশনস এবং ব্র্যান্ড কমিউনিকেশনের উদ্যোগে উত্তরা ইউনিভার্সিটিতে কর্মরত নারীদের সম্মানে গতকাল বেলা ১১টায় উত্তরা ইউনিভার্সিটির অডিটোরিয়ামে দিবসটি উদ্‌যাপন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ইয়াসমীন আরা লেখা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর গৌর গোবিন্দ গোস্বামী।

নারী দিবস উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ইয়াসমীন আরা লেখা বলেন, 'নারীদের উন্নয়ন, অগ্রগতি, সক্ষমতা, সুস্থতা এবং তাদের উৎসাহিত করার কাজ করে যাচ্ছে উত্তরা ইউনিভার্সিটি।'

অনুষ্ঠান শেষে উত্তরা বিশ্ববিদ্যালয় কর্মরত সব নারী কর্মকর্তা-কর্মচারীদের বিশেষ উপহার দেওয়া হয় ইউনিভার্সিটির অফিস অব পাবলিক রিলেশন্স অ্যান্ড ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশনের পক্ষ থেকে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর হাসফিয়া বশিরউল্লাহ, প্রফেসর মমতাজ বেগম (সাবেক ট্রেজারার), প্রফেসর আয়েশা বেগম, উপদেষ্টা, বাংলা বিভাগ, উত্তরা ইউনিভার্সিটি; কাজী মহিউদ্দিন, রেজিস্ট্রার, উত্তরা ইউনিভার্সিটি; মোহাম্মদ আলী, পরীক্ষা নিয়ন্ত্রক, উত্তরা ইউনিভার্সিটি; মাহমুদা বেগম, ডিন, স্কুল অব এডুকেশন অ্যান্ড ফিজিক্যাল এডুকেশন; শারমীন আক্তার, উপপরীক্ষা নিয়ন্ত্রক, উত্তরা ইউনিভার্সিটি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অ্যাডমিশন প্রমোশন অ্যান্ড ব্র্যান্ড কমিউনিকেশনের বর্তমান ডিরেক্টর ও ডিপার্টমেন্ট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের চেয়ারম্যান কাজী তারেক উল্লাহ।